

পরিশিষ্ট

শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য

শিক্ষার্থীর সার্বিক বিকাশের মাধ্যমে মানবিক, সামাজিক ও নৈতিক গুণসম্পন্ন জ্ঞানী, দক্ষ, যুক্তিবাদী ও সৃজনশীল দেশপ্রেমিক জনসম্পদ সৃষ্টি।

উদ্দেশ্য

১. শিক্ষার্থীর সুপ্ত প্রতিভা ও সম্ভাবনা বিকাশের মাধ্যমে সৃজনশীলতা, কল্পনা ও অনুসন্ধিৎসা বৃদ্ধিতে সহায়তা করা।
২. শিক্ষার্থীর মধ্যে মানবিক গুণাবলি, যেমন- নৈতিক মূল্যবোধ, সততা, অধ্যবসায়, সহিষ্ণুতা, শৃঙ্খলা, আত্মবিশ্বাস, সদাচার, অন্যের প্রতি শ্রদ্ধাবোধ, নান্দনিকতাবোধ, সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও ন্যায়বিচারবোধ সুদৃঢ়ভাবে গ্রথিত করা।
৩. মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা ও অসাম্প্রদায়িক মূল্যবোধের আলোকে শিক্ষার্থীর মধ্যে দেশপ্রেম, জাতীয়তাবোধ ও গণতান্ত্রিক মূল্যবোধ জাগ্রত করা এবং সম্ভাবনাময় নাগরিক হিসাবে বেড়ে উঠতে সহায়তা করা।
৪. শিক্ষার্থীর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুসংহত জ্ঞানের ভিত রচনা তথা এর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, আর্থ-সামাজিক ও গণতান্ত্রিক রাজনৈতিক চর্চার প্রতি আগ্রহ ও যোগ্যতা সৃষ্টির মাধ্যমে বৈশ্বিক প্রেক্ষাপটে দেশের প্রগতি ও উন্নয়নে অবদান রাখতে সক্ষম করে গড়ে তোলা।
৫. শ্রমের মর্যাদা, কাজের অভ্যাস ও কাজ করতে আগ্রহী হওয়ার প্রতি ইতিবাচক মনোভাব বিকশিত করা যাতে শিক্ষার্থী ব্যক্তিগত এবং দলগত উভয় ধরনের কাজ সম্পাদনে নৈতিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিতে পারে।
৬. সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগ রক্ষায় শিক্ষার্থীর প্রমিত বাংলা ভাষার দক্ষতা সুদৃঢ় ও সুসংহত করা এবং নিয়মিত পাঠ্যভ্যাস গড়ে তোলা।
৭. বাংলা সাহিত্যের অন্তর্নিহিত নান্দনিক সৌন্দর্য, শৃঙ্খলা এবং সখ্য উপভোগ ও উদঘাটনে শিক্ষার্থীর যোগ্যতা বিকশিত করা।
৮. আধুনিক কর্মক্ষেত্র, উচ্চশিক্ষাসহ সকল ক্ষেত্রে কার্যকর যোগাযোগের প্রয়োজনে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতাসমূহ অর্জনের মাধ্যমে শিক্ষার্থীকে যোগ্য করে গড়ে তোলা।
৯. শিক্ষার্থীকে গাণিতিক যুক্তি, পদ্ধতি ও দক্ষতার সাথে পরিচিত করানো এবং জীবন ঘনিষ্ঠ ও বিশ্বের পারিপার্শ্বিক সমস্যা সমাধানের জন্য গণিতের প্রায়োগিক দক্ষতা বিকশিত করা।
১০. শিক্ষার্থীকে প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে আত্মবিশ্বাসী, উৎপাদনশীল এবং সৃজনশীল হিসাবে তৈরি করা।
১১. শিক্ষার্থী যাতে জীবনমান উন্নয়নের জন্য জীবন ঘনিষ্ঠ বিভিন্ন সমস্যা অনুসন্ধান ও সমাধানে বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পদ্ধতি প্রয়োগ করতে পারে সে লক্ষ্যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ও যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১২. দেশে এবং বহির্বিশ্বের প্রাকৃতিক ও সামাজিক পরিবেশ এবং জলবায়ুর পরিবর্তনের উপর গুরুত্বারোপ করে পরিবেশগত উপাদান সম্পর্কে শিক্ষার্থীদের পরিচিত করা। একই সাথে সংশ্লিষ্ট সকলের কল্যাণের জন্য ঐ সকল উপাদানকে নিয়ন্ত্রণ ও ব্যবহার করার যোগ্যতা অর্জনে সহায়তা করা।
১৩. খাদ্য ও পুষ্টি, শারীরিক সক্ষমতা, রোগ-ব্যাদি, প্রজনন স্বাস্থ্য এবং ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদির উপর গুরুত্বারোপ করে শিক্ষার্থীকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের প্রয়োজনীয় জ্ঞান, জীবন দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনে সহায়তা করা।

১৪. শিক্ষার্থীর মনে নিজ নিজ ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধ জাগ্রত করার পাশাপাশি অন্য ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি শ্রদ্ধাশীল হতে সহায়তা করা।
১৫. শিক্ষার্থীর মধ্যে বাঙালি এবং ক্ষুদ্র জাতি-গোষ্ঠীর নারী-পুরুষ, বর্ণ, গোত্র, ভাষা, সংস্কৃতি, বিভিন্ন শ্রেণি ও পেশার মানুষের প্রতি ভ্রাতৃত্ব ও শ্রদ্ধাবোধ সৃষ্টি করা।
১৬. শিক্ষার্থীর দৈহিক ও মানসিক বিকাশের লক্ষ্যে সহশিক্ষাক্রমিক কার্যাবলি- খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কর্মকাণ্ড, চারু ও কারুকলা অনুশীলনের নিয়মিত অভ্যাস গড়ে তোলা।
১৭. জীবনব্যাপী শিক্ষায় আগ্রহী ও যোগ্য করার জন্য শিক্ষার্থীর ব্যক্তিগত ও সামাজিক জীবন, আধুনিক কর্মক্ষেত্র এবং স্ব-কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি সুদৃঢ় করা।
১৮. সহযোগিতামূলক কাজ করার মাধ্যমে শিক্ষার্থীর নেতৃত্ব, সহযোগিতা ও যোগাযোগ দক্ষতা বিকাশে সক্ষম করা।

বিষয়: রসায়ন

বিষয়ভিত্তিক উদ্দেশ্য

১. রসায়নের ধারণা, স্বরূপ ও গুরুত্ব সম্পর্কে জানা।
২. রসায়নের তথ্য, তত্ত্ব ও কৌশল সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি অনুসন্ধিৎসু হওয়া।
৩. পদার্থের অভ্যন্তরীণ গঠন সম্পর্কে ধারণা লাভ করা।
৪. মোল-এর ধারণা লাভ করে রাসায়নিক গণনা করতে পারা।
৫. পদার্থসমূহের পরিবর্তনের সাথে শক্তির সম্পর্ক নির্ধারণ, পরিবর্তন ও শক্তিকে যৌক্তিকভাবে ব্যবহার এবং শক্তি উৎপাদনে উপযুক্ত পদ্ধতি নির্বাচন করতে সক্ষমতা অর্জন করা।
৬. রাসায়নিক সমতা সম্পর্কে জেনে পরিবেশের ভারসাম্য রক্ষায় সক্ষমতা অর্জন করা।
৭. দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় ধাতব ও অধাতব পদার্থ সম্পর্কে জানা এবং এগুলোর পুনঃব্যবহারে উৎসাহী হওয়া।
৮. আমাদের জীবনে কার্বন যৌগের ব্যবহার ও গুরুত্ব অনুধাবন করা।
৯. ব্যবহারিক/ হাতে-কলমে কাজের মাধ্যমে অনুসন্ধান দক্ষতা অর্জন করা।
১০. কৃষি, শিল্প, স্বাস্থ্য ও গৃহে ব্যবহার্য সামগ্রীর রসায়ন এবং স্বাস্থ্য ও পরিবেশের উপর এদের প্রভাব সম্পর্কে জেনে স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব দ্রব্য ব্যবহারে আগ্রহী হওয়া।

মাধ্যমিক স্তরের কারিকুলাম অনুযায়ী বিষয়বস্তু ও শিখনফল
বিষয়: রসায়ন

প্রথম অধ্যায়: রসায়নের ধারণা (পিরিয়ড ৮)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. রসায়নের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. রসায়নের ক্ষেত্রসমূহ চিহ্নিত করতে পারবে। ৩. রসায়নের সাথে বিজ্ঞানের অন্যান্য শাখার সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ৪. রসায়ন পাঠের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৫. রসায়নে অনুসন্ধান ও গবেষণা প্রক্রিয়া বর্ণনা করতে পারবে। মনোপেশিজ ৬. বিভিন্ন ধরনের অনুসন্ধানমূলক কাজের পরিকল্পনা প্রণয়ন, অনুমিত সিদ্ধান্ত (hypothesis) গঠন ও পরীক্ষণ (testing) করতে পারবে। ৭. রসায়নে ব্যবহারিক কাজের সময় প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে পারবে। আবেগীয় ৮. প্রকৃতি ও বাস্তব জীবনের ঘটনাবলি রসায়নের দৃষ্টিতে ব্যাখ্যা করতে আগ্রহ প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> রসায়ন পরিচিতি রসায়নের পরিধি রসায়নের সাথে বিজ্ঞানের অন্যান্য শাখার (পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, গণিত ইত্যাদি) সম্পর্ক রসায়ন পাঠের গুরুত্ব রসায়নে অনুসন্ধান ও গবেষণার ধাপসমূহ অনুসন্ধানমূলক কাজের পরিকল্পনা প্রণয়ন, অনুমিত সিদ্ধান্ত (hypothesis) গঠন ও পরীক্ষণ (testing) রসায়নে অনুসন্ধানের সময়ে রাসায়নিক দ্রব্য সংরক্ষণ ও ব্যবহারে সতর্কতামূলক ব্যবস্থা

দ্বিতীয় অধ্যায়: পদার্থের অবস্থা (পিরিয়ড ১২)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় : ১. কণার গতিতত্ত্বের স্বীকার্যের সাহায্যে পদার্থের ভৌত অবস্থা ব্যাখ্যা করতে পারবে। ২. গতিতত্ত্বের সাহায্যে ব্যাপন ও নিঃসরণের ব্যাখ্যা করতে পারবে। ৩. কঠিন পদার্থের গলন ও উর্ধ্বপাতন এবং তরল পদার্থের স্ফুটন প্রক্রিয়া বর্ণনা করতে পারবে। ৪. পদার্থের ভৌত অবস্থা ও তাপের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। পরীক্ষণ ৫. তাপমাত্রা বৃদ্ধিতে ব্যাপন হার বৃদ্ধি পরীক্ষার মাধ্যমে দেখাতে পারবে। ৬. কঠিন পদার্থের গলন ও উর্ধ্বপাতন এবং তরল পদার্থের স্ফুটন প্রক্রিয়া পরীক্ষার মাধ্যমে দেখাতে পারবে। মনোপেশিজ ৭. রাসায়নিক দ্রব্য ও থার্মোমিটার সঠিকভাবে ব্যবহার করতে পারবে। আবেগীয় ৮. প্রকৃতিতে সংঘটিত বাস্তব ঘটনা রসায়নের দৃষ্টিতে বিশ্লেষণে আগ্রহ প্রদর্শন করতে পারবে।	<ul style="list-style-type: none"> পদার্থকণার গতিতত্ত্বের স্বীকার্য গতিতত্ত্ব ও পদার্থের ভৌত অবস্থা ব্যাপন ও নিঃসরণের বাস্তব ঘটনা ব্যাপন ও নিঃসরণ গলন, বাষ্পীকরণ, ঘনীভবন, উর্ধ্বপাতন প্রক্রিয়া পদার্থের ভৌত অবস্থার উপর তাপের প্রভাব তাপমাত্রা বৃদ্ধিতে ব্যাপন হার বৃদ্ধি পরীক্ষা বরফের গলন, ন্যাফথালিন ও কপূরের উর্ধ্বপাতন এবং মোমের গলন (রাসায়নিক পরিবর্তনসহ), ঘনীভবন প্রক্রিয়ার পরীক্ষা রাসায়নিক দ্রব্যের তাপমাত্রা নির্ণয়

তৃতীয় অধ্যায়: পদার্থের গঠন (পিরিয়ড ১২)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. পরমাণু সম্পর্কে ধারণার বিকাশ বর্ণনা করতে পারবে। ২. মৌলিক ও স্থায়ী কণিকাগুলোর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। ৩. পারমাণবিক সংখ্যা, ভর সংখ্যা, আপেক্ষিক পারমাণবিক ভর ব্যাখ্যা করতে পারবে। ৪. আপেক্ষিক পারমাণবিক ভর থেকে আপেক্ষিক আণবিক ভর হিসাব করতে পারবে। ৫. পরমাণুর ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন হিসাব করতে পারবে। ৬. আইসোটোপের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে। ৭. পরমাণুর গঠন সম্পর্কে রাদারফোর্ড ও বোর পরমাণু মডেলের বর্ণনা করতে পারবে। ৮. রাদারফোর্ড ও বোর পরমাণু মডেলের মধ্যে কোনটি বেশি গ্রহণযোগ্য তার ব্যাখ্যা দিতে পারবে। ৯. কক্ষপথে এবং কক্ষপথের বিভিন্ন উপস্তরে পরমাণুর ইলেকট্রনসমূহকে বিন্যাস করতে পারবে।	<ul style="list-style-type: none"> পরমাণু সম্পর্কে ধারণার বিকাশ মৌলিক ও স্থায়ী কণিকা এবং স্থায়ী কণিকাগুলোর বৈশিষ্ট্য পারমাণবিক সংখ্যা, পারমাণবিক ভর সংখ্যা আপেক্ষিক পারমাণবিক ভর, আপেক্ষিক আণবিক ভর, আপেক্ষিক আণবিক ভর হিসাব পরমাণুর ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন হিসাব আইসোটোপ <ul style="list-style-type: none"> আইসোটোপের ব্যবহার (চিকিৎসা, কৃষি, বিদ্যুৎ উৎপাদনে) আইসোটোপ ব্যবহারের সতর্কতা পরমাণু মডেল <ul style="list-style-type: none"> রাদারফোর্ড পরমাণু মডেল ও এর সীমাবদ্ধতা বোর পরমাণু মডেল ও এর সীমাবদ্ধতা শক্তিস্তরে ইলেকট্রন বিন্যাস <ul style="list-style-type: none"> পরমাণুর শক্তিস্তর ও উপস্তর শক্তিস্তরে ইলেকট্রন ধারণ ক্ষমতা ইলেকট্রন বিন্যাস

চতুর্থ অধ্যায়: পর্যায় সারণি (পিরিয়ড ১৫)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. পর্যায় সারণির বিকাশের পটভূমি বর্ণনা করতে পারবে। ২. মৌলের সর্ববহিঃস্থ শক্তি স্তরের ইলেকট্রন বিন্যাসের সাথে পর্যায় সারণির প্রধান গ্রুপগুলোর সম্পর্ক নির্ণয় করতে পারবে (প্রথম ৩০টি মৌল)। ৩. ইলেকট্রনের কক্ষপথের সংখ্যা জেনে একটি মৌলের পর্যায় শনাক্ত করতে পারবে (প্রথম ৩০টি মৌল)। ৪. পর্যায় সারণিতে কোন মৌলের অবস্থানের সাথে এর ভৌত ও রাসায়নিক ধর্মের সম্পর্ক অনুমান করতে পারবে। ৫. পর্যায় সারণির কয়েকটি গুরুত্বপূর্ণ শ্রেণির বিশেষ নামকরণের কারণ বলতে পারবে। ৬. পর্যায় সারণির গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। পরীক্ষা ৭. পর্যায় সারণির একই শ্রেণির মৌল দ্বারা গঠিত যৌগের একই ধরনের ধর্ম হাতে-কলমে কাজের মাধ্যমে প্রদর্শন করতে পারবে। মনোপেশিজ ৮. পরীক্ষণের সময় কাচের যন্ত্রপাতির সঠিক ব্যবহার করতে পারবে। আবেগীয় ৯. পরীক্ষণ কাজে সতর্কতা অবলম্বন করবে। ১০. পর্যায় সারণি অনুসরণ করে মৌলসমূহের ধর্ম অনুমানে আগ্রহ প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> পর্যায় সারণির বিকাশ <ul style="list-style-type: none"> পটভূমি পর্যায় সারণির বৈশিষ্ট্য বিভিন্ন পর্যায় সূত্র পর্যায় সারণির মূল ভিত্তি ইলেকট্রন বিন্যাস থেকে পর্যায় সারণিতে মৌলের অবস্থান নির্ণয় <ul style="list-style-type: none"> শ্রেণি নির্ণয় পর্যায় নির্ণয় মৌলের পর্যায়বৃত্ত ধর্ম বিভিন্ন শ্রেণিতে উপস্থিত মৌলসমূহের বিশেষ নাম (ক্ষারধাতু, মৃৎক্ষারধাতু, মৃদাধাতু, হ্যালাজেন, নিষ্ক্রিয়গ্যাস, অবস্থান্তর মৌল) পর্যায় সারণির সুবিধা পর্যায় সারণির একই গ্রুপের মৌল দ্বারা গঠিত যৌগের সাথে পানি ও লঘু এসিডের বিক্রিয়া ধাতব যৌগের সাথে পানি ও লঘু এসিডের বিক্রিয়ায় উৎপন্ন গ্যাস পরীক্ষার মাধ্যমে শনাক্তকরণ

পঞ্চম অধ্যায়: রাসায়নিক বন্ধন (পিরিয়ড ২০)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. যোজ্যতা ইলেকট্রনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. নিষ্ক্রিয় গ্যাস এবং এর স্থিতিশীলতা ব্যাখ্যা করতে পারবে। ৩. অষ্টক ও দুই-এর নিয়মের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৪. রাসায়নিক বন্ধন এবং তা গঠনের কারণ ব্যাখ্যা করতে পারবে। ৫. আয়ন কিভাবে এবং কেন সৃষ্টি হয় তা ব্যাখ্যা করতে পারবে। ৬. আয়নিক বন্ধন গঠনের প্রক্রিয়া বর্ণনা করতে পারবে। ৭. সমযোজী বন্ধন গঠনের প্রক্রিয়া বর্ণনা করতে পারবে। ৮. আয়নিক ও সমযোজী বন্ধনের সাথে গলনাংক, স্ফুটনাংক, দ্রাব্যতা, বিদ্যুৎ পরিবাহিতা ব্যাখ্যা করতে পারবে। ৯. ধাতব বন্ধনের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ১০. ধাতব বন্ধনের সাহায্যে ধাতুর বিদ্যুৎ পরিবাহিতা ব্যাখ্যা করতে পারবে। পরীক্ষা ১১. আয়নিক যৌগের পানিতে দ্রাব্যতা এবং যথাযথ বর্তনি সেট করে বিদ্যুৎ পরিবাহিতা পরীক্ষার মাধ্যমে প্রদর্শন করতে পারবে। অনুসন্ধান ১২. স্থানীয়ভাবে সহজপ্রাপ্য দ্রব্যের মধ্যে আয়নিক ও সমযোজী যৌগ শনাক্ত করতে পারবে।	<ul style="list-style-type: none"> • যোজ্যতা ইলেকট্রন • নিষ্ক্রিয় গ্যাস এবং এর স্থিতিশীলতা • অষ্টক নিয়ম ও দুই-এর নিয়ম • রাসায়নিক বন্ধন <ul style="list-style-type: none"> ○ রাসায়নিক বন্ধন গঠনের কারণ • ক্যাটায়ন ও অ্যানায়ন • আয়নিক বন্ধন <ul style="list-style-type: none"> ○ আয়নিক বন্ধন গঠনের প্রক্রিয়া • সমযোজী বন্ধন <ul style="list-style-type: none"> ○ সমযোজী বন্ধন গঠনের প্রক্রিয়া • আয়নিক ও সমযোজী যৌগের বৈশিষ্ট্য এবং বৈশিষ্ট্যের ব্যাখ্যা <ul style="list-style-type: none"> ○ গলনাংক ও স্ফুটনাংক ○ দ্রাব্যতা ○ বিদ্যুৎ পরিবাহিতা • ধাতব বন্ধন • ধাতু বিদ্যুৎ পরিবাহিতার কারণ • স্থানীয়ভাবে সহজপ্রাপ্য দ্রব্যের মধ্যে আয়নিক ও সমযোজী যৌগ শনাক্ত করণ

ষষ্ঠ অধ্যায়: মোল এর ধারণা ও রাসায়নিক গণনা (পিরিয়ড ১৮)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. মোলের ধারণা ব্যবহার করে সরল গাণিতিক হিসাব করতে পারবে। ২. নির্দিষ্ট ঘনমাত্রার দ্রবণ প্রস্তুত করতে পারবে। ৩. মোলের প্রতীক, যৌগমূলকের সংকেত ও এগুলোর যোজনী ব্যবহার করে যৌগের সংকেত লিখতে পারবে। ৪. প্রদত্ত তথ্য ও উপাত্ত ব্যবহার করে যৌগে উপস্থিত মোলের শতকরা সংযুতি নির্ণয় করতে পারবে। ৫. শতকরা সংযুতি ব্যবহার করে স্থূল সংকেত ও আণবিক সংকেত নির্ণয় করতে পারবে। ৬. মোল ও যৌগমূলকের প্রতীক, সংকেত ও যোজনী ব্যবহার করে রাসায়নিক সমীকরণ লিখতে এবং সমতা বিধান করতে পারবে। ৭. রাসায়নিক সমীকরণের মাত্রিক তাৎপর্য থেকে বিক্রিয়ক ও উৎপাদের ভরভিত্তিক গাণিতিক সমস্যা সমাধান করতে পারবে। পরীক্ষা ৮. তুঁতের কেলাস পানির শতকরা পরিমাণ নির্ণয় করতে পারবে। মনোপেশিজ ৯. নিজি ব্যবহার করে রাসায়নিক দ্রব্য পরিমাপ করতে সক্ষম হবে।	<ul style="list-style-type: none"> • মোল ও অ্যাভোগেড্রো সংখ্যা <ul style="list-style-type: none"> ○ মোল সংখ্যা নির্ণয় ○ মোলার আয়তন ○ মোল, মোলার ভর, অ্যাভোগেড্রো সংখ্যা, মোলার আয়তন ভিত্তিক গাণিতিক সমস্যা • মোলার দ্রবণ বা মোলারিটি <ul style="list-style-type: none"> ○ মোলারিটিভিত্তিক গাণিতিক সমস্যা • মোলের প্রতীক, যৌগমূলক ও যৌগের সংকেত • যৌগে উপস্থিত মোলের শতকরা সংযুতি • স্থূল সংকেত ও আণবিক সংকেত <ul style="list-style-type: none"> ○ স্থূল সংকেত ও আণবিক সংকেতভিত্তিক গাণিতিক সমস্যা • রাসায়নিক সমীকরণ <ul style="list-style-type: none"> ○ রাসায়নিক সমীকরণের সমতা বিধান • রাসায়নিক সমীকরণের মাত্রিক তাৎপর্য ব্যবহার করে উৎপাদের পরিমাণ নির্ণয় • কেলাস পানি <ul style="list-style-type: none"> ○ তুঁতে কেলাস পানির শতকরা পরিমাণ নির্ণয়

সপ্তম অধ্যায় : রাসায়নিক বিক্রিয়া (পিরিয়ড ২৫)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. ভৌত পরিবর্তন ও রাসায়নিক বিক্রিয়ার পার্থক্য করতে পারবে। ২. পদার্থের পরিবর্তনকে বিশ্লেষণ করে রাসায়নিক বিক্রিয়া শনাক্ত করতে পারবে। ৩. রাসায়নিক বিক্রিয়ার শ্রেণিবিভাগ রেডক্স/ননরেডক্স, একমুখী/উভমুখী, তাপ উৎপাদী/তাপ হারী)করতে পারবে এবং বিক্রিয়ার প্রকার শনাক্ত করতে পারবে। ৪. বিক্রিয়ায় উৎপন্ন উৎপাদের পরিমাণ লা-শাটেলিয়ালের নীতির সাহায্যে ব্যাখ্যা করতে পারবে। ৫. পরিবর্তন বিশ্লেষণ করে জারণ-বিজারণ বিক্রিয়ার প্রকার শনাক্ত করতে পারবে। ৬. বাস্তবে বিভিন্ন ক্ষেত্রে সংঘটিত বিক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৭. বাস্তব ক্ষেত্রে সংঘটিত ক্ষতিকারক বিক্রিয়াসমূহ নিয়ন্ত্রণ বা রোধের উপায় নির্ধারণ করতে পারবে (লোহার তৈরি জিনিসের মরিচাপড়া রোধের যথাযথ উপায় নির্ধারণ করতে পারবে)। ৮. রাসায়নিক বিক্রিয়ার হার ব্যাখ্যা সংশ্লিষ্ট হারের তুলনা করতে পারবে। পরীক্ষা ৯. বিভিন্ন পদার্থ ব্যবহার করে বিক্রিয়ার গতিবেগ বা হার পরীক্ষা ও তুলনা করতে পারবে। মনোপেশিজ ১০. অম্ল-ক্ষারক প্রশমন বিক্রিয়া এবং অধঃক্ষেপণ বিক্রিয়া প্রদর্শন করতে পারবে। ১১. পরীক্ষার সাহায্যে বিক্রিয়ার হারের ভিন্নতা প্রদর্শন করতে পারবে। আবেগীয় ১২. দৈনন্দিন কাজে ধাতব বস্তু ব্যবহারে সচেতনতা প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> ● ভৌত পরিবর্তন ও রাসায়নিক পরিবর্তন <ul style="list-style-type: none"> ○ ভৌত পরিবর্তন ও রাসায়নিক পরিবর্তনের বৈশিষ্ট্য ● রাসায়নিক বিক্রিয়ার শ্রেণিবিভাগ (অধঃক্ষেপণ, অম্ল-ক্ষার প্রশমন ও জারণ-বিজারণ) ও বর্ণনা ● লা- শাটেলিয়ালের নীতি ● জারণ-বিজারণ বিক্রিয়া <ul style="list-style-type: none"> ○ বিভিন্ন প্রকারের জারণ-বিজারণ বিক্রিয়া ○ জারণ সংখ্যা ও জারণ সংখ্যা হিসাব ○ জারণ-বিজারণের ইলেকট্রনীয় মতবাদ ○ জারণ অর্ধ ও বিজারণ অর্ধ বিক্রিয়া ● জারণ-বিজারণ বিক্রিয়া যুগপৎ ঘটে <ul style="list-style-type: none"> ● বাস্তবে বিভিন্ন ক্ষেত্রে সংঘটিত কিছু রাসায়নিক বিক্রিয়া <ul style="list-style-type: none"> ○ বাস্তব ক্ষেত্রে সংঘটিত রাসায়নিক বিক্রিয়ার প্রভাব ○ বাস্তব ক্ষেত্রে সংঘটিত ক্ষতিকর রাসায়নিক বিক্রিয়া রোধ ও নিয়ন্ত্রণ (লোহার তৈরি জিনিসের মরিচাপড়া ও তা রোধের যথাযথ উপায়) <ul style="list-style-type: none"> ● প্রকৃতিতে সংঘটিত এবং গবেষণাগারে সংগঠিত রাসায়নিক বিক্রিয়ার হারের তুলনা <ul style="list-style-type: none"> ○ বিক্রিয়ার গতিবেগ বা হার ○ বিক্রিয়ার গতিবেগ বা হার পরীক্ষা ● অম্ল-ক্ষারক প্রশমন বিক্রিয়া এবং অধঃক্ষেপণ বিক্রিয়া প্রদর্শন

অষ্টম অধ্যায় : রসায়ন ও শক্তি (পিরিয়ড ২৮)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. রাসায়নিক পরিবর্তনের সাথে শক্তি উৎপাদনের সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। ২. শক্তি উৎপাদনে জ্বালানির বিশুদ্ধতার গুরুত্ব অনুধাবন, পরিবেশ সুরক্ষায় এগুলোর ব্যবহার সীমিত রাখতে ও উপযুক্ত জ্বালানি নির্বাচনে সচেতনতার পরিচয় দিতে পারবে। ৩. নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে রাসায়নিক বিক্রিয়া সংশ্লিষ্ট সমস্যা চিহ্নিত করে তা অনুসন্ধানের পরিকল্পনা, বাস্তবায়ন এবং এর কার্যকারিতা মূল্যায়ন করতে পারবে। ৪. রাসায়নিক বিক্রিয়া সংগঠনে এবং শক্তি উৎপাদনে স্বতঃস্ফূর্তভাবে ও আত্মবিশ্বাসের সাথে দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হবে। ৫. জারণ-বিজারণ বিক্রিয়ার ইলেকট্রনীয় মতবাদ ব্যবহার করে চল বিদ্যুতের ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৬. রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে। ৭. বিদ্যুৎ ব্যবহার করে (তড়িৎ বিশ্লেষণ) বিক্রিয়া সংগঠন করতে পারবে। ৮. বিভিন্ন পদার্থের তড়িৎ বিশ্লেষণে উৎপাদিত পদার্থ এবং এর বাণিজ্যিক ব্যবহার সম্পর্কে মতামত দিতে পারবে। ৯. তড়িৎ রাসায়নিক কোষ ও গ্যালভানিক কোষের মধ্যে পার্থক্য করতে পারবে। ১০. তুলনামূলক বিশ্লেষণ করে পারমাণবিক বিদ্যুৎ উৎপাদন সম্পর্কে মতামত দিতে পারবে। পরীক্ষা ১১. তাপহারী ও তাপউৎপাদী বিক্রিয়ার পরীক্ষা	<ul style="list-style-type: none"> রাসায়নিক শক্তি <ul style="list-style-type: none"> তাপ উৎপাদী বিক্রিয়া ও তাপহারী বিক্রিয়া বিক্রিয়ার শক্তি চিত্র বন্ধন শক্তি ও রাসায়নিক বিক্রিয়ায় শক্তির পরিবর্তন রাসায়নিক শক্তি থেকে তাপ শক্তি, বিদ্যুৎ শক্তি ও আলোক শক্তিতে পরিবর্তন (চুলা জ্বালানো, ব্যাটারি, মোমবাতি) রাসায়নিক শক্তি থেকে পাওয়া বিভিন্ন শক্তি কাজে লাগানো (ইঞ্জিন চালানো, রান্না করা, বিদ্যুৎ উৎপাদন, কলকারখানা চালানো) রাসায়নিক শক্তির যথাযথ ব্যবহার <ul style="list-style-type: none"> জ্বালানি বিশুদ্ধতার গুরুত্ব রাসায়নিক শক্তি ব্যবহারের নেতিবাচক প্রভাব (বায়ু দূষণ, বৈশ্বিক উষ্ণায়ন) ইথানলকে মোটরযানের জ্বালানি হিসেবে ব্যবহার গ্যালভানিক কোষ <ul style="list-style-type: none"> ধাতু/ধাতব আয়ন তড়িৎদ্বার তড়িৎদ্বার বিক্রিয়া কোষ বিক্রিয়া (একটি গ্যালভানিক কোষের গঠনচিত্র) ড্রাই সেলের গঠন ও ইলেকট্রন স্থানান্তরের কৌশল স্বাস্থ্য ও পরিবেশের উপর ব্যাটারির প্রভাব বিদ্যুৎ ব্যবহার করে বিক্রিয়া সংগঠন <ul style="list-style-type: none"> বিদ্যুৎ পরিবাহী, ধাতব পরিবাহী ও তড়িৎ বিশ্লেষ্য তড়িৎদ্বার ও তড়িৎ রাসায়নিক কোষ তড়িৎ বিশ্লেষণ ও তড়িৎ বিশ্লেষ্যের বিশিষ্ট হওয়ার কৌশল সোডিয়াম ক্লোরাইড দ্রবণের তড়িৎ বিশ্লেষণ পানির তড়িৎ বিশ্লেষণ তড়িৎ বিশ্লেষণের প্রয়োগ তড়িৎ বিশ্লেষণে উৎপাদিত পদার্থের বাণিজ্যিক ব্যবহার নিউক্লিয়ার বিক্রিয়া ও বিদ্যুৎ উৎপাদন পদার্থ দ্রবীভূত করে ও রাসায়নিক বিক্রিয়ায় তাপের পরিবর্তন পরীক্ষা
মনোপেশিজ ১২. লবণ দ্রবীভূত ও রাসায়নিক পরিবর্তন হওয়ার সময় তাপের পরিবর্তন পরীক্ষার সাহায্যে দেখাতে পারবে। ১৩. গ্যালভানিক কোষের তড়িৎদ্বার গঠন করতে পারবে। আবেগীয় ১৪. রাসায়নিক দ্রব্যের ক্ষতিকর দিকসমূহ সম্পর্কে সচেতনতা প্রদর্শন করবে। ১৫. বিশুদ্ধ জ্বালানি ব্যবহারে আগ্রহ প্রদর্শন করবে।	

নবম অধ্যায়: এসিড-ক্ষার সমতা (পিরিয়ড ২০)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. অম্ল, ক্ষার ও লবণের বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে। ২. পরিচিত পরিবেশের পদার্থগুলোর মধ্য থেকে অম্ল, ক্ষার ও লবণকে শনাক্ত করতে পারবে। ৩. ক্ষারক ও ক্ষার জাতীয় পদার্থের পার্থক্য করতে পারবে। ৪. ব্যবহার্য পদার্থের ওপর অম্ল ও ক্ষারের প্রভাব বর্ণনা করতে পারবে। ৫. গৃহস্থালি পদার্থের ওপর অম্ল ও ক্ষার জাতীয় দ্রবের প্রভাবের আর্থিক গুরুত্ব মূল্যায়ন করতে পারবে। ৬. pH এর ধারণা ব্যাখ্যা করতে পারবে। ৭. pH পরিমাপের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৮. পরিবেশের ভারসাম্য রক্ষায় অম্ল-ক্ষার সমতার গুরুত্ব অনুধাবন করতে পারবে। ৯. এসিড বৃষ্টির কারণ, ক্ষতিকর দিকসমূহ এবং তা থেকে রক্ষার উপায় ব্যাখ্যা করতে পারবে। ১০. পানিচক্র ব্যাখ্যা করতে পারবে। ১১. পানির খরতা ব্যাখ্যা করতে পারবে। ১২. খর পানি ব্যবহারে সুবিধাসমূহ উল্লেখ করতে পারবে। ১৩. খর পানি ব্যবহারে আর্থিক ক্ষতি ব্যাখ্যা করতে পারবে। ১৪. পানি দূষণের কারণ ও পরিশোধনের উপায়সমূহ বর্ণনা করতে পারবে। ১৫. আর্সেনিকযুক্ত পানি পানের ক্ষতিকর দিক উল্লেখ করতে পারবে। পরীক্ষা ১৬. pH পরিমাপের মাধ্যমে গৃহের/ ল্যাবের/লবণাক্ত পানির প্রকৃতি নির্ণয় করতে পারবে। অনুসন্ধান ১৭. যৌগসমূহের দ্রবণের pH মান নির্ণয় করে বা লিটমাস বা ইউনিভার্সাল ইন্ডিকেটর ব্যবহার করে যৌগের প্রকৃতি তুলনা (এসিড, ক্ষার) করতে পারবে। মনোপেশিজ ১৮. ব্যবহার্য পদার্থের ওপর অম্ল ও ক্ষারের প্রভাব পরীক্ষার মাধ্যমে দেখাতে পারবে। ১৯. অম্ল ও ক্ষার জাতীয় পদার্থ ব্যবহারের ক্ষেত্রে যথাযথ পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। আবেগীয় ২০. দূষণযুক্ত পানি ব্যবহারে আগ্রহ প্রদর্শন করবে। ২১. এসিড সন্ত্রাসের ভয়াবহ দিক সম্পর্কে সচেতনতার পরিচয় দিবে এবং অন্যদেরকে সচেতন করতে পারবে।	<ul style="list-style-type: none"> পরিচিত অম্ল, ক্ষার ও লবণ অম্ল, ক্ষারক ও লবণের রাসায়নিক বৈশিষ্ট্য ক্ষারক ও ক্ষারের পার্থক্য পদার্থের ওপর অম্ল ও ক্ষারের প্রভাব <ul style="list-style-type: none"> পদার্থের ওপর অম্ল ও ক্ষারের প্রভাব পরীক্ষা অম্ল ও ক্ষারের প্রভাবের অর্থনৈতিক গুরুত্ব pH ও pH স্কেলের ধারণা pH পরিমাপের গুরুত্ব প্রশমন বিক্রিয়ার গুরুত্ব <ul style="list-style-type: none"> দৈনন্দিন জীবনে অম্ল ও ক্ষার প্রশমনের ভূমিকা এসিড বৃষ্টি <ul style="list-style-type: none"> এসিড বৃষ্টির কারণ এসিড বৃষ্টির ক্ষতিকর প্রভাব ও রোধের উপায় পানি চক্র পানির খরতা <ul style="list-style-type: none"> খরতা দূরীকরণ খর পানির অসুবিধা খর পানি ব্যবহারে আর্থিক ক্ষতি পানি দূষণ <ul style="list-style-type: none"> পানির আর্সেনিক দূষণ অন্যান্য দূষণ পানিকে দূষণমুক্ত রাখার উপায় নিরাপদ পানির গুরুত্ব (খাবার পানি ও কৃষিকাজে ব্যবহার করা পানি) পানির প্রকৃতি নির্ণয়ে pH (pH পেপার ব্যবহার করে) বিভিন্ন যৌগের দ্রবণের pH নির্ণয় পদার্থের উপর অম্ল-ক্ষারের প্রভাব পরীক্ষা অম্ল ও ক্ষার ব্যবহারের পূর্বে সতর্কতামূলক ব্যবস্থা

দশম অধ্যায় : খনিজ সম্পদ: ধাতু-অধাতু (পিরিয়ড ১৫)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. খনিজ সম্পদের ধারণা বর্ণনা করতে পারবে। ২. শিলা, খনিজ ও আকরিকের মধ্যে তুলনা করতে পারবে। ৩. ধাতুসমূহ নিষ্কাশনের উপযুক্ত উপায় নির্ধারণ করতে পারবে। ৪. ধাতুসংকর তৈরির কারণ ব্যাখ্যা করতে পারবে। ৫. সালফারের উৎস এবং এদের কতিপয় প্রয়োজনীয় যৌগ প্রস্তুতের বিক্রিয়া, রাসায়নিক ধর্মের বর্ণনা এবং গৃহে, শিল্পে ও কৃষিক্ষেত্রে তা ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। ৬. খনিজ দ্রব্যের সসীমতা, যথাযথ ব্যবহার ও পুনঃব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। আবেগীয় ৭. খনিজ দ্রব্যের ব্যবহারে সতর্কতা এবং সংরক্ষণে আগ্রহ প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> ● মাটির নিচে প্রাপ্ত পদার্থসমূহ ● শিলা, খনিজ ও আকরিকের মধ্যে সম্পর্ক ● ধাতুসমূহ নিষ্কাশনে উপায় (তড়িৎ বিশ্লেষণ ও কার্বন বিজারণ) ○ ধাতুর সক্রিয়তা সিরিজ ○ ধাতুর উৎস (খনিজ ও আকরিক) ○ তড়িৎ বিশ্লেষণ ও কার্বন বিজারণ পদ্ধতি ● ধাতুসংকর ও ধাতুসংকর ব্যবহারের কারণ ● সালফারের উৎস, আহরণ ও ব্যবহার এবং পরিবেশের উপর এর প্রভাব ○ সালফিউরিক এসিড প্রস্তুতি, রাসায়নিক ধর্মের বর্ণনা এবং শিল্পক্ষেত্রে তা ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ ● খনিজ উপাদানসমূহের পুনঃব্যবহার (ধাতুসম্পদ ও জীবাশ্ম জ্বালানির সসীমতা ও সংরক্ষণের উপায়সমূহ)

একাদশ অধ্যায়: খনিজ সম্পদ -জীবাশ্ম (পিরিয়ড ১৫)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. জীবাশ্ম জ্বালানির ধারণা ব্যাখ্যা করতে পারবে। ২. পেট্রোলিয়ামকে জৈব যৌগের মিশ্রণ হিসেবে ব্যাখ্যা করতে পারবে। ৩. পেট্রোলিয়ামের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে। ৪. হাইড্রোকার্বনের ধারণা ও শ্রেণিবিভাগ ব্যাখ্যা করতে পারবে। ৫. সম্পৃক্ত ও অসম্পৃক্ত হাইড্রোকার্বনের প্রস্তুতির বিক্রিয়া ও ধর্ম ব্যাখ্যা এবং এদের মধ্যে পার্থক্য করতে পারবে। ৬. প্লাস্টিক দ্রব্য ও তন্তু তৈরির রাসায়নিক বিক্রিয়া এবং এর ব্যবহার বর্ণনা করতে পারবে। ৭. পরিবেশের ওপর প্লাস্টিক দ্রব্য যথাযথ ব্যবহার না করার কুফল উল্লেখ করতে পারবে। ৮. প্রাকৃতিক গ্যাস, পেট্রোলিয়াম এবং কয়লা ব্যবহারের সুবিধা-অসুবিধা ও ব্যবহারের কৌশল ব্যাখ্যা করতে পারবে। ৯. হাইড্রোকার্বন থেকে অ্যালকোহল, অ্যালডিহাইড ও জৈব এসিডের প্রস্তুতির কৌশল ব্যাখ্যা করতে পারবে। ১০. অ্যালকোহল, অ্যালডিহাইড ও জৈব এসিডের ব্যবহার ব্যাখ্যা করতে পারবে। অনুসন্ধান ১১. পরিবেশের উপর প্লাস্টিক দ্রব্যের প্রভাব সম্পর্কিত অনুসন্ধানমূলক কাজ করতে পারবে। মনোপেশিজ ১২. পরীক্ষার মাধ্যমে জৈব ও অজৈব যৌগের মধ্যে পার্থক্য করে দেখাতে পারবে। আবেগীয় ১৩. জীবাশ্ম জ্বালানির সঠিক ব্যবহার সম্পর্কে সচেতনতা প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> ● পেট্রোলিয়ামের উপাদানসমূহ ● পেট্রোলিয়ামের ব্যবহার ● হাইড্রোকার্বন ○ হাইড্রোকার্বনের শ্রেণিবিভাগ ● সম্পৃক্ত ও অসম্পৃক্ত হাইড্রোকার্বনের প্রস্তুতির বিক্রিয়া ও ধর্ম ● প্লাস্টিক দ্রব্য ○ প্লাস্টিক প্রস্তুতি (পলিমারকরণ বিক্রিয়া) ● পরিবেশের উপর প্লাস্টিক দ্রব্যের প্রভাব ● প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামের যথাযথ ব্যবহার ● অ্যালকোহল, অ্যালডিহাইড ও জৈব এসিডের প্রস্তুতিতে হাইড্রোকার্বনের ব্যবহার ○ অ্যালকোহলের ব্যবহার ○ অ্যালডিহাইডের ব্যবহার ○ জৈব এসিডের ব্যবহার ● পরিবেশের উপর প্লাস্টিক দ্রব্যের প্রভাব সম্পর্কিত অনুসন্ধানমূলক কাজ। ● পরীক্ষার মাধ্যমে জৈব ও অজৈব যৌগের মধ্যে পার্থক্যকরণ

দ্বাদশ অধ্যায়: আমাদের জীবনে রসায়ন (পিরিয়ড ২৮)

শিখনফল	বিষয়বস্তু
বুদ্ধিবৃত্তীয় ১. গৃহে ব্যবহার্য কতিপয় খাদ্য সামগ্রীর আহরণ, ধর্ম ও ব্যবহারের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। ২. গৃহে প্রসাধন সামগ্রীর উপযোগিতা নির্ধারণে pH এর গুরুত্ব বর্ণনা করতে পারবে। ৩. গৃহে ব্যবহার্য পরিষ্কারক সামগ্রীর প্রস্তুতি ও পরিষ্কার করার কৌশল ব্যাখ্যা করতে পারবে। ৪. কৃষিক্ষেত্রে উপযুক্ত যৌগ ব্যবহার করে মাটির pH মান নিয়ন্ত্রণ করতে পারবে। ৫. কৃষিদ্রব্য প্রক্রিয়াকরণের উপায় ব্যাখ্যা করতে পারবে। ৬. কৃষিদ্রব্য সংরক্ষণের উপায় ব্যাখ্যা করতে পারবে। ৭. রাসায়নিক বর্জ্য সম্পর্কে জেনে এর ক্ষতিকর প্রভাব ব্যাখ্যা করতে পারবে। পরীক্ষা ৮. রাসায়নিক দ্রব্য ব্যবহার করে সাবান প্রস্তুত করতে পারবে। অনুসন্ধান ৯. মাটি, পানি ও বায়ু দূষণ রোধে রাসায়নিক দ্রব্যের যথাযথ ব্যবহার বিষয়ে আস্থার সাথে স্বতঃস্ফূর্ত মতামত দিতে পারবে। মনোপেশিজ ১০. ব্লিচিং পাউডারের বিরঞ্জন ক্রিয়া প্রদর্শন করতে পারবে। ১১. খাদ্য দ্রব্যে বেকিং পাউডারের ভূমিকা পরীক্ষার মাধ্যমে দেখাতে পারবে। আবেগীয় ১২. স্বাস্থ্য সচেতন দ্রব্য ব্যবহারে আগ্রহ প্রদর্শন করবে। ১৩. স্বাস্থ্যসম্মত খাদ্যদ্রব্য ব্যবহারে আগ্রহ প্রদর্শন করবে।	<ul style="list-style-type: none"> ● গৃহে ব্যবহার্য কতিপয় খাদ্য সামগ্রীর আহরণ, ধর্ম ও ব্যবহার <ul style="list-style-type: none"> ○ NaCl আহরণ, বিশুদ্ধকরণ ও ব্যবহার ○ NaHCO_3 কে খাবার সোডা ও বেকিং পাউডার হিসেবে ব্যবহার ○ ভিনেগার কী এবং ভিনেগারের ব্যবহার ○ কোমল পানীয় এর উপাদান এবং এর ক্ষতিকর দিকসমূহ ● প্রসাধন সামগ্রীর উপযোগিতা নির্ধারণে pH এর গুরুত্ব ● গৃহে ব্যবহার্য পরিষ্কারক সামগ্রীর প্রস্তুতি, ধর্ম ও পরিষ্কার করার কৌশল <ul style="list-style-type: none"> ○ কাপড় কাচা সোডা ($\text{Na}_2\text{CO}_3 \cdot 10\text{H}_2\text{O}$) এর ধর্ম ও ব্যবহার ○ সাবানের প্রস্তুতি ও এর ময়লা পরিষ্কার করার কৌশল ○ ডিটারজেন্টের প্রস্তুতি ও ○ এদের ময়লা পরিষ্কার করার কৌশল ○ কস্টিক সোডা (NaOH) এর প্রস্তুতি, ধর্ম ও ব্যবহার ○ ব্লিচিং পাউডার; $\text{Ca}(\text{OCl})\text{Cl}$ এর ধর্ম ও ব্যবহার ○ NH_3 এর প্রস্তুতি ধর্ম ও ব্যবহার ● কৃষিক্ষেত্রে ব্যবহৃত উপযুক্ত যৌগের প্রাপ্যতা, ধর্ম ও ব্যবহার <ul style="list-style-type: none"> ○ চুন (CaO) ও চুনাপাথর (CaCO_3) এর প্রাপ্যতা ধর্ম এবং শিল্প ও কৃষিক্ষেত্রে ব্যবহার ○ ইউরিয়ার প্রস্তুতি, ধর্ম এবং কৃষিক্ষেত্রে ব্যবহার ○ $(\text{NH}_4)_2\text{SO}_4$ এর প্রস্তুতি, ধর্ম এবং কৃষিক্ষেত্রে ব্যবহার ○ কৃষিক্ষেত্রে অতিরিক্ত সার ব্যবহারের ক্ষতিকর প্রভাব ○ কৃষিদ্রব্য প্রক্রিয়াকরণে ○ ব্যবহার্য রাসায়নিক দ্রব্য ○ কৃষিদ্রব্য সংরক্ষণে ব্যবহার্য রাসায়নিক দ্রব্য ● রাসায়নিক বর্জ্য (ভারী ধাতু, কীটনাশক, শিল্প রং, ট্যানারি বর্জ্য, সাবান, ডিটারজেন্ট) এর ক্ষতিকর প্রভাব ● সাবান প্রস্তুতি ● মাটি, পানি ও বায়ু দূষণ রোধে রাসায়নিক দ্রব্যের যথাযথ ব্যবহার সংক্রান্ত ● ব্লিচিং পাউডারের বিরঞ্জন ক্রিয়া প্রদর্শন ● খাদ্য দ্রব্যে বেকিং পাউডারের ভূমিকা পরীক্ষা

পরিশিষ্ট: 'গ'

শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড-----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল পরীক্ষা ২০.....

বিষয়: রসায়ন

বিষয় কোড: ১৩৭

LO নং	অধ্যায় ১			অধ্যায় ২			অধ্যায় ৩			অধ্যায় ৪			অধ্যায় ৫			অধ্যায় ৬			অধ্যায় ৭			অধ্যায় ৮			অধ্যায় ৯			অধ্যায় ১০			অধ্যায় ১১			অধ্যায় ১২		
	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ	MCQ	CQ	SQ
১																																				
২																																				
৩																																				
৪																																				
৫																																				
৬																																				
৭																																				
৮																																				
৯																																				
১০																																				
১১																																				
১২																																				
১৩																																				
১৪																																				
১৫																																				
১৬																																				
মোট																																				

বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়
বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

১. টিউমারের উপস্থিতি নির্ণয়ে কোন আইসোটোপ ব্যবহার করা হয়?

- ক. ^{131}I
খ. ^{99}Tc
গ. ^{60}Co
ঘ. ^{32}P

২. কোনটি সংযোজন বিক্রিয়া দেয়?

- ক. C_2H_6
খ. C_3H_6
গ. C_4H_{10}
ঘ. C_5H_{12}

৩. জ্বালানি হিসেবে কোনটি ব্যবহার করলে জীবাশ্ম জ্বালানির উপর চাপ কমবে?

- ক. পেট্রল
খ. ডিজেল
গ. কেরোসিন
ঘ. ইথানল


৪. বিস্ফোরক পদার্থের উদাহরণ কোনটি?

- ক. নাইট্রোগ্লিসারিন
খ. ক্লোরোবেনজিন
গ. বেনজিন
ঘ. টলুইন

৫. ইউরিয়ার সংকেত কোনটি?

- ক. $(\text{NH}_4)_2\text{CO}_3$
খ. $(\text{NH}_4)_2\text{SO}_4$
গ. $(\text{NH}_2)_2\text{CO}$
ঘ. NH_4NO_3

উদ্দীপকের আলোকে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:



৬. টেস্টটিউব B এর দ্রবণের pH মান-

- ক. ০
খ. $> 4 - < 7$
গ. $> 7 - < 11$
ঘ. 14

৭. A টেস্টটিউবে উৎপন্ন লবণ-

- i. এর জলীয় দ্রবণ ক্ষারীয় প্রকৃতির
ii. অ্যালকেন প্রস্তুতিতে ব্যবহৃত হয়
iii. এর জলীয় দ্রবণ বিদ্যুৎ পরিবাহী

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

৮. কোন ধরনের বিক্রিয়ায় ইলেকট্রনের আদান-প্রদান ঘটে না?

- ক. প্রশমন বিক্রিয়া
খ. সংযোজন বিক্রিয়া
গ. দহন বিক্রিয়া
ঘ. বিয়োজন বিক্রিয়া

৯. কোনটি চায়ে উপস্থিত থাকে?

- ক. সাইট্রিক এসিড
খ. ল্যাকটিক এসিড
গ. টারটারিক এসিড
ঘ. ট্যানিক এসিড

১০. 19 পারমাণবিক সংখ্যা বিশিষ্ট মৌলের-

- i. হাইড্রোক্সাইড তীব্র ক্ষার
ii. ধাতব ধর্ম সোডিয়াম অপেক্ষা কম
iii. পারমাণবিক ব্যাসার্ধ জিংক অপেক্ষা বেশি

নিচের কোনটি সঠিক?

- ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii


১১. $\text{Pb}|\text{Pb}^{2+}(\text{aq})$ এবং $\text{Zn}|\text{Zn}^{2+}(\text{aq})$ দ্বারা গঠিত কোষের ক্ষেত্রে কোনটি সঠিক?

- ক. $\text{Pb}|\text{Pb}^{2+}(\text{aq})$ জারণ ঘটে
খ. $\text{Zn}|\text{Zn}^{2+}(\text{aq})$ বিজারণ ঘটে
গ. $\text{Pb}|\text{Pb}^{2+}(\text{aq})$ তড়িৎদ্বার দ্রবণে ঋণাত্মক আয়নের আধিক্য ঘটে
ঘ. $\text{Zn}|\text{Zn}^{2+}(\text{aq})$ তড়িৎদ্বার দ্রবণে ধনাত্মক আয়নের সংখ্যা কমে যায়

১২. অনুমোদিত ফুড প্রিজারভেটিভ কোনটি?

- ক. ভিনেগার
- খ. ইথিলিন
- গ. ফরমালিন
- ঘ. অ্যাসিটিলিন

উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও



Y যৌগকে জারিত করলে Z যৌগ উৎপন্ন হয়।

১৩. কোনটি X যৌগের সংকেত?

- ক. $\text{CH}_3\text{-C}\equiv\text{CH}$
- খ. $\text{CH}_3\text{-CH}_2\text{-COOH}$
- গ. $\text{CH}_3\text{-CH}_2\text{-CHO}$
- ঘ. $\text{CH}_3\text{-CH}=\text{CH}_2$

১৪. Z যৌগটির-

- i কার্যকরী মূলক $-\text{CHO}$
- ii সোডিয়াম লবণ থেকে ইথেন প্রস্তুত করা যায়
- iii জলীয় দ্রবণ নীল লিটমাসকে লাল করে

নিচের কোনটি সঠিক? - H_2O

- ক. i ও ii
- খ. ii ও iii
- গ. i ও iii
- ঘ. i, ii ও iii

১৫. Na^+ এ কয়টি ধনাত্মক আধানযুক্ত মৌলিক কণিকা উপস্থিত আছে?

- ক. 1 টি
- খ. 10 টি
- গ. 11 টি
- ঘ. 12 টি

১৬. প্রমাণ অবস্থায় 5.6 লিটার CO_2 এ মোট পামাণুর সংখ্যা কত?

- ক. 1.52×10^{23} টি
- খ. 2.41×10^{23} টি
- গ. 3.01×10^{23} টি
- ঘ. 4.52×10^{23} টি

১৭. কোনটি তাপ প্রয়োগে সরাসরি বাষ্পে পরিণত হয়?


- ক. অ্যামোনিয়াম ক্লোরাইড
- খ. সোডিয়াম ক্লোরাইড
- গ. ম্যাগনেসিয়াম ক্লোরাইড
- ঘ. ক্যালসিয়াম ক্লোরাইড

১৮. ইথিনের স্থূল সংকেত কোনটি?

- ক. CH
- খ. CH_2
- গ. C_2H_2
- ঘ. C_2H_4

১৯. কোন আয়নটি অধিক সক্রিয়?

- ক. Cu^{2+}
- খ. Zn^{2+}
- গ. Ca^{2+}
- ঘ. Mg^{2+}



অজানা পদার্থ X এর শীতলীকরণের বক্ররেখা

উদ্দীপকের আলোকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও

২০. X পদার্থটি সম্পূর্ণরূপে কঠিনে পরিণত হতে কত সময়ের প্রয়োজন?

- ক. 4 মিনিট
- খ. 6 মিনিট
- গ. 8 মিনিট
- ঘ. 10 মিনিট

২১. উদ্দীপক থেকে বলা যায়-

- i. পদার্থটির আন্তঃআণবিক শক্তি A-B অপেক্ষা C-D অবস্থায় বেশি
- ii. B-C এবং E-F অবস্থায় পদার্থটির তাপমাত্রা স্থির থাকে
- iii. D বিন্দু থেকে পদার্থটি কঠিন হতে শুরু করে

নিচের কোনটি সঠিক?


- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

<p>২২. কোনটি অবস্থান্তর মৌলের উদাহরণ?</p> <p>ক. Ni খ. Ca গ. Cl ঘ. Ne</p> <p>২৩. মাটিতে অধিক পরিমাণ আমোনিয়াম সালফেট প্রয়োগ করা হলে-</p> <p>i. মাটির pH এর মান হ্রাস পায় ii. উদ্ভিদ কর্তৃক সালফার পরিশোষণ হ্রাস পায় iii. উদ্ভিদ কর্তৃক নাইট্রোজেন পরিশোষণ বৃদ্ধি পায়</p> <p>নিচের কোনটি সঠিক ?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p>	<p>২৪. কোনটি নিষ্ক্রিয় গ্যাসের উদাহরণ?</p> <p>ক. Br খ. Sr গ. Cr ঘ. Ar</p> <p>২৫. গ্যালেনা কোন ধাতুর আকরিক?</p> <p>ক. মার্কাসিট খ. কপার গ. লেড ঘ. জিংক</p>
--	--

বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

বিষয়: রসায়ন

বিষয় কোড: ১৩৭

সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন	
১. কোনটি নিষ্ক্রিয় গ্যাসের প্রতীক?	ক. Br খ. Sr গ. Cr ঘ. Ar
বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন	
২. 12 পারমাণবিক সংখ্যা বিশিষ্ট মৌলটি-	i. আয়নিক যৌগ গঠন করে ii. পর্যায় সারণির ৩য় পর্যায়ে অবস্থিত iii. পানির সাথে বিক্রিয়া করে ক্ষার উৎপন্ন করে
নিচের কোনটি সঠিক ?	ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii
অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন	
নিচের উদ্দীপকের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও	
	
৩. x যৌগে কোন আয়নটি উপস্থিত আছে?	ক. Al^{3+} খ. Ag^+ গ. OH^- ঘ. H^+
৪. কোষটিতে-	i. Ag^+ আয়ন বিজারিত হয় ii. তড়িৎ শক্তি ব্যয়িত হয় iii. Al এর চামচ ক্ষয় প্রাপ্ত হয়
নিচের কোনটি সঠিক ?	ক. i খ. ii গ. i ও ii ঘ. ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮


তারিখঃ ০৮ অক্টোবর ১৪১৬
২২ নভেম্বর ২০০৯

পরিপত্র

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিবর্তকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে :

- (ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।
- (খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।
- (ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (ছ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।
- (জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না।
- (ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রণয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


(খন্দকার রাশিদের রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

বিতরণ :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন
বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

<p>১. প্রমাণ তাপমাত্রা ও চাপে 20 গ্রাম ম্যাগনেসিয়াম ধাতুকে অক্সিজেনে সম্পূর্ণরূপে দহনের ফলে 32.5 গ্রাম ম্যাগনেসিয়াম অক্সাইড উৎপন্ন হলে উৎপাদের শতকরা পরিমাণ কত?</p> <p>ক. 97.60 % খ. 82.06 % গ. 61.53 % ঘ. 23.34 %</p> <p>২. সোডিয়াম কার্বনেটের জলীয় দ্রবণ-</p> <p>i. বিদ্যুৎ পরিবহন করে ii. বিদ্যুৎ পরিবহন করে না iii. পানির স্থায়ী খরতা অপসারণে ব্যবহৃত হয়</p> <p>নিচের কোনটি সঠিক?</p> <p>ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii</p> <p>৩. অতিবেগুনি আলোর উপস্থিতিতে মিথেনের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় কোনটি উৎপন্ন হয়?</p> <p>ক. CCl_4 খ. CH_2Cl_2 গ. $CHCl_3$ ঘ. CH_3Cl</p> <p>৪. Na^+ এর</p> <p>ক. ইলেকট্রন সংখ্যা 10 খ. প্রোটন সংখ্যা 11 গ. নিউট্রন সংখ্যা 12 ঘ. উপরের সবগুলো সঠিক</p> <p>৫. কোন গ্যাসটির স্বতঃস্ফূর্ত ও সমভাবে পরিব্যাপ্তি দ্রুত ঘটবে ?</p> <p>ক. Cl_2 খ. NH_3 গ. CH_4 ঘ. CO_2</p>	<p>৬. কোন যৌগটি পানিতে দ্রবণীয় নয়?</p> <p>ক. Na_2SO_4 খ. $BaSO_4$ গ. K_2SO_4 ঘ. $MgSO_4$</p> <p>৭. কোনটি ব্রোমিনের লাল বর্ণকে বিনষ্ট করে?</p> <p>ক. ইথিন খ. প্রোপেন গ. অ্যালকিন ঘ. বিউটেন</p> <p>৮. $^{26}_{Fe^{3+}}$ এর প্রোটন সংখ্যা কত?</p> <p>ক. 23 খ. 26 গ. 29 ঘ. 56</p> <p>৯. H_2O যৌগটিতে-</p> <p>ক. 1 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে খ. 2 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে গ. 3 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে ঘ. 4 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে</p> <p>১০. জলীয় দ্রবণে সোডিয়াম ক্লোরাইড-</p> <p>ক. ক্ষারক তৈরি করে খ. বিদ্যুৎ পরিবহন করে না গ. আংশিক দ্রবীভূত হয় ঘ. আয়ন হিসাবে থাকে</p> <p>১১. রফিক পূর্বশত্রুতার জের ধরে লতিফার গায়ে সালফিউরিক এসিড নিক্ষেপ করল। লতিফার গায়ের ঐ স্থানে তাত্ক্ষণিক ঢালতে হবে-</p> <p>ক. প্রচুর পানি খ. সোডার দ্রবণ গ. চুনের পানি ঘ. সাবানের দ্রবণ</p>
--	--

<p>১২. কোন লবণটি পানিতে দ্রবীভূত থাকলে সাবানের ফেনা হয় না ?</p> <p>ক. CaSO_4</p> <p>খ. Na_2SO_4</p> <p>গ. NaHCO_3</p> <p>ঘ. KHCO_3</p> <p>১৩. প্রমাণ তাপমাত্রা ও চাপে 22g কার্বন ড্রাই অক্সাইডের আয়তন-</p> <p>ক. 44.8</p> <p>খ. 22.4</p> <p>গ. 11.2</p> <p>ঘ. 5.6</p> <p>১৪. তেঁতুলে কোন এসিড থাকে?</p> <p>ক. ইথানয়িক এসিড</p> <p>খ. টারটারিক এসিড</p> <p>গ. সাইট্রিক এসিড</p> <p>ঘ. গাঢ় নাইট্রিক এসিড</p> <p>১৫. তড়িৎ বিশ্লেষ্য কোষে পানিকে কোনটির সাহায্যে বিশ্লেষণ করা হয়?</p> <p>ক. তড়িৎ</p> <p>খ. আলো</p> <p>গ. তাপ</p> <p>ঘ. চাপ</p>	<p>১৬. পানির পাইপ তৈরিতে কোনটি ব্যবহৃত হয় ?</p> <p>ক. নাইলন</p> <p>খ. পলি প্রোপিন</p> <p>গ. টেফলন</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p> <p>১৭. রাদারফোর্ড পরমাণু মডেল কোন বিষয়টিকে সমর্থন করে ?</p> <p>ক. পরমাণুর শক্তিস্তর সম্পর্কিত ধারণা</p> <p>খ. পারমাণবিক বর্ণালী সৃষ্টির ব্যাখ্যা</p> <p>গ. ইলেকট্রনের শক্তির শোষণ ও বিকিরণের ঘটনা</p> <p>ঘ. ধনাত্মক আধানযুক্ত প্রোটন সংখ্যার সমান সংখ্যক ঋণাত্মক আধানযুক্ত ইলেকট্রনের ধারণা।</p> <p>১৮. পরমাণুর M শেল (Shell) সর্বাধিক কয়টি ইলেকট্রন ধারণ করতে পারে?</p> <p>ক. 8</p> <p>খ. 18</p> <p>গ. 32</p> <p>ঘ. 2</p>
--	---

ক্রটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

ক্রটিযুক্ত রূপ	ক্রটিমুক্ত রূপ
উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।	
১. অতিবেগুনি আলোর উপস্থিতিতে মিথেনের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় কোনটি উৎপন্ন হয়? ক. CCl_4 খ. CH_2Cl_2 গ. CHCl_3 ঘ. CH_3Cl	১. অতিবেগুনি আলোর উপস্থিতিতে মিথেনের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় প্রথম ধাপে কোনটি উৎপন্ন হয়? ক. CCl_4 খ. CH_2Cl_2 গ. CHCl_3 ঘ. CH_3Cl

উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।	
২. কোন গ্যাসটির স্বতঃস্ফূর্ত ও সমভাবে পরিব্যাপ্তি দ্রুত ঘটবে? ক. Cl_2 খ. NH_3 গ. CH_4 ঘ. CO_2	২. কোন গ্যাসটির ব্যাপন দ্রুত ঘটবে? ক. Cl_2 খ. NH_3 গ. CH_4 ঘ. CO_2

উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।	
৩. প্রমাণ তাপমাত্রা ও চাপে 20 গ্রাম ম্যাগনেসিয়াম ধাতুকে অক্সিজেনে সম্পূর্ণরূপে দহনের ফলে 32.5 গ্রাম ম্যাগনেসিয়াম অক্সাইড উৎপন্ন হলে উৎপাদের শতকরা পরিমাণ কত? ক. 97.60 % খ. 82.06 % গ. 61.53 % ঘ. 23.34 %	৩. 20 গ্রাম ম্যাগনেসিয়াম ধাতুকে অক্সিজেনে সম্পূর্ণরূপে দহনের ফলে 32.5 গ্রাম ম্যাগনেসিয়াম অক্সাইড উৎপন্ন হলে উৎপাদের শতকরা পরিমাণ কত? ক. 97.50 % খ. 82.06 % গ. 61.53 % ঘ. 23.34 %

উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুলোতে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।	
৪. H_2O যৌগটিতে- ক. 1 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে খ. 2 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে গ. 3 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে ঘ. 4 টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে	৪. H_2O যৌগটিতে কয়টি মুক্ত জোড় ইলেকট্রন থাকে? ক. 1 টি খ. 2 টি গ. 3 টি ঘ. 4 টি

উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।			
৫.	কোন যৌগটি পানিতে দ্রবণীয় নয়?	৫.	কোন যৌগটি পানিতে অদ্রবণীয়?
	ক. Na_2SO_4		ক. Na_2SO_4
	খ. BaSO_4		খ. BaSO_4
	গ. K_2SO_4		গ. K_2SO_4
	ঘ. MgSO_4		ঘ. MgSO_4

উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।							
৬.	কোন লবণটি পানিতে দ্রবীভূত থাকলে সাবানের ফেনা হয় না?			৬.	কোন লবণটি পানিতে দ্রবীভূত থাকলে সাবানের ফেনা হয় না?		
	ক.	CaSO ₄			ক.	CaSO ₄	
	খ.	Na ₂ SO ₄			খ.	Na ₂ SO ₄	
	গ.	NaHCO ₃			গ.	NaHCO ₃	
	ঘ.	KHCO ₃			ঘ.	KHCO ₃	

উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।			
৭. ${}_{26}\text{Fe}^{3+}$ এর প্রোটন সংখ্যা কত?		৭. আয়রন (III) আয়নের প্রোটন সংখ্যা কত? / Fe^{3+} এর প্রোটন সংখ্যা কত?	
ক.	23	ক.	23
খ.	26	খ.	26
গ.	29	গ.	29
ঘ.	56	ঘ.	56

উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।			
৭.	তড়িৎ বিশ্লেষ্য কোষে পানিকে কোনটির সাহায্যে বিশ্লেষণ করা হয়?	৭.	রাসায়নিক কোষে পানিকে কোনটির সাহায্যে বিশ্লেষণ করা হয়?
ক.	তড়িৎ	ক.	তড়িৎ
খ.	আলো	খ.	আলো
গ.	তাপ	গ.	তাপ
ঘ.	চাপ	ঘ.	চাপ

নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।			
৮.	রফিক পূর্বশত্রুতার জের ধরে লতিফার গায়ে সালফিউরিক এসিড নিক্ষেপ করে। লতিফার গায়ের ঐ স্থানে তাৎক্ষণিক ঢালতে হবে-	৮.	রাসায়ন পরীক্ষাগারে অসাবধানতাবশত রফিকের হাতে সালফিউরিক এসিড লেগে গেল। রফিকের হাতের ঐ স্থানে তাৎক্ষণিক ঢালতে হবে-
	ক. প্রচুর পানি		ক. প্রচুর পানি
	খ. সোডার দ্রবণ		খ. সোডার দ্রবণ
	গ. চুনের পানি		গ. চুনের পানি
	ঘ. সাবানের দ্রবণ		ঘ. সাবানের দ্রবণ

বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।			
৯.	জলীয় দ্রবণে সোডিয়াম ক্লোরাইড-	৯.	জলীয় দ্রবণে সোডিয়াম ক্লোরাইড-
ক.	ক্ষারক তৈরি করে	ক.	ক্ষারক তৈরি করে
খ.	বিদ্যুৎ পরিবহন করে না	খ.	বিদ্যুৎ পরিবহন করে না
গ.	আংশিক দ্রবীভূত হয়	গ.	আংশিক দ্রবীভূত হয়
ঘ.	আয়ন হিসাবে থাকে	ঘ.	আয়নিত অবস্থায় থাকে

বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।			
১০.	প্রমাণ তাপমাত্রা ও চাপে 22g কার্বন ড্রাই অক্সাইডের আয়তন-	১০.	প্রমাণ তাপমাত্রা ও চাপে 22g কার্বন ড্রাই অক্সাইডের আয়তন-
ক.	44.8	ক.	44.8 লিটার
খ.	22.4	খ.	22.4 লিটার
গ.	11.2	গ.	11.2 লিটার
ঘ.	5.6	ঘ.	5.6 লিটার

পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।	
১১. তেঁতুলে কোন এসিড থাকে? ক. ইথানয়িক এসিড খ. টারটারিক এসিড গ. সাইট্রিক এসিড ঘ. গাঢ় নাইট্রিক এসিড	১১. তেঁতুলে কোন এসিড থাকে? ক. ইথানয়িক এসিড খ. টারটারিক এসিড গ. সাইট্রিক এসিড ঘ. বেনজয়িক এসিড

বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাচাক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।	
১২. পরমাণুর M শেল (Shell) সর্বাধিক কয়টি ইলেকট্রন ধারণ করতে পারে ? ক. ৪ খ. ১৮ গ. ৩২ ঘ. ২	১২. পরমাণুর M শেল (Shell) সর্বাধিক কয়টি ইলেকট্রন ধারণ করতে পারে ? ক. ২ খ. ৪ গ. ১৮ ঘ. ৩২

বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্য প্রায় সমান হতে হবে।	
১৩. রাদারফোর্ড পরমাণু মডেল কোন বিষয়টিকে সমর্থন করে ? ক. পরমাণুর শক্তিস্তর সম্পর্কিত ধারণা খ. পারমাণবিক বর্ণালী সৃষ্টির ব্যাখ্যা গ. ইলেকট্রনের শক্তির শোষণ ও বিকিরণের ঘটনা ঘ. ধনাত্মক আধানযুক্ত প্রোটন সংখ্যার সমান সংখ্যক ঋণাত্মক আধানযুক্ত ইলেকট্রনের ধারণা।	১৩. রাদারফোর্ড পরমাণু মডেল কোন বিষয়টিকে সমর্থন করে ? ক. পরমাণুর শক্তিস্তর সম্পর্কিত ধারণা খ. পারমাণবিক বর্ণালী সৃষ্টির ধারণা গ. ইলেকট্রনের শক্তির শোষণ ও বিকিরণের ঘটনা ঘ. সমসংখ্যক প্রোটন ও ইলেকট্রনের ধারণা

বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।	
১৪. সোডিয়াম কার্বনেটের জলীয় দ্রবণ- i. বিদ্যুৎ পরিবহন করে ii. বিদ্যুৎ পরিবহন করে না iii. পানির স্থায়ী খরতা অপসারণে ব্যবহৃত হয় নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii	১৪. সোডিয়াম কার্বনেটের জলীয় দ্রবণ- i. বিদ্যুৎ পরিবহন করে ii. লাল লিটমাসকে নীল করে iii. পানির স্থায়ী খরতা অপসারণে ব্যবহৃত হয় নিচের কোনটি সঠিক? ক. i ও ii খ. i ও iii গ. ii ও iii ঘ. i, ii ও iii

বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।	
১৫. কোনটি ব্রোমিনের লাল বর্ণকে বিনষ্ট করে? ক. ইথিন খ. প্রোপেন গ. অ্যালকিন ঘ. বিউটেন	১৫. কোনটি ব্রোমিনের লাল বর্ণ বিনষ্ট করে? ক. ইথিন খ. প্রোপেন গ. পেটেন ঘ. বিউটেন

বিকল্প উত্তরে ‘উপরের সবগুলো সঠিক’-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৬. Na^+ এর</p> <p>ক. ইলেকট্রন সংখ্যা 10</p> <p>খ. প্রোটন সংখ্যা 11</p> <p>গ. নিউট্রন সংখ্যা 12</p> <p>ঘ. উপরের সবগুলো সঠিক</p>	<p>১৬. Na^+ এর</p> <p>ক. ইলেকট্রন সংখ্যা 11</p> <p>খ. প্রোটন সংখ্যা 12</p> <p>গ. নিউট্রন সংখ্যা 11</p> <p>ঘ. ভর সংখ্যা 23</p>

বিকল্প উত্তরে ‘উপরের কোনটিই সঠিক নয়’-এমন বাক্য পরিহার করতে হবে।	
<p>১৭. পানির পাইপ তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?</p> <p>ক. নাইলন</p> <p>খ. পলি প্রোপিন</p> <p>গ. টেফলন</p> <p>ঘ. উপরের কোনটিই সঠিক নয়</p>	<p>১৭. পানির পাইপ তৈরিতে কোনটি ব্যবহৃত হয়?</p> <p>ক. নাইলন</p> <p>খ. পলি প্রোপিন</p> <p>গ. টেফলন</p> <p>ঘ. পিভিসি</p>

পরিশিষ্ট: 'ঝ'

বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড -----/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড

এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ

বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

চিন্তন দক্ষতার স্তর	অধ্যায়												মোট প্রশ্ন সংখ্যা	%
	১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	১০ম	১১শ	১২শ		
উচ্চতর দক্ষতা														
প্রয়োগ দক্ষতা														
অনুধাবন দক্ষতা														
জ্ঞান দক্ষতা														
মোট													২৫	

বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর উপস্থাপনের নমুনা ছক

বিষয়: রসায়ন বিষয় কোড: ১৩৭

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১	
২	
৩	
৪	
৫	
৬	
৭	
৮	
৯	
১০	
১১	
১২	
১৩	
১৪	
১৫	

এমসিকিউ আইটেম নম্বর	সঠিক উত্তর Answer Key
১৬	
১৭	
১৮	
১৯	
২০	
২১	
২২	
২৩	
২৪	
২৫	

সৃজনশীল প্রশ্নের উদাহরণ

বিষয়: রসায়ন

বিষয় কোড: ১৩৭

১. রসায়ন ক্লাসে শিক্ষক নিচের বিক্রিয়াটি বোর্ডে লিখলেন-




উৎপন্ন **X** সম্পর্কে জানতে চাইলে একজন শিক্ষার্থী বলল, এটি পরিবেশের জন্য ক্ষতিকর। অপর একজন শিক্ষার্থী বলল, এটি পরিবেশের জন্য ক্ষতিকর হলেও এ থেকে উৎপন্ন একটি যৌগের উৎপাদন ও ব্যবহারের পরিমাণ থেকে যে কোনো দেশের অর্থনৈতিক স্থিতিশীলতা বা শিল্পায়নের মানদণ্ড নির্ধারিত হয়।

- ক. আকরিক কাকে বলে। ১
- খ. কামরাঙ্গা খেলে মুখের রুচি বাড়ে কেন? ব্যাখ্যা করো। ২
- গ. পর্যায় সারণিতে **Y** মৌলের অবস্থান নির্ণয় করো। ৩
- ঘ. শিক্ষার্থীদ্বয়ের উক্তির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২. একজন শিক্ষার্থী পরীক্ষাগারে **12g** ম্যাগনেসিয়ামের সাথে **20g** ক্লোরিনের বিক্রিয়া ঘটায়। শিক্ষক জানালেন বিক্রিয়াটিতে এখনও বিক্রিয়ক অবশিষ্ট আছে। শিক্ষার্থী পরবর্তিতে প্রাপ্ত উৎপাদের সাথে পানি যোগ করে দ্রবণ তৈরি করল। উক্ত দ্রবণ ফিল্টার করে প্রাপ্ত দ্রবণের সাথে সাবান মিশ্রিত করে দেখল সহজে ফেনা উৎপন্ন হয় না।

- ক. মোলার আয়তন কাকে বলে? ১
- খ. গ্যালেনা কোন পদ্ধতিতে ঘনীকরণ করা হয়? ব্যাখ্যা করো। ২
- গ. প্রাপ্ত দ্রবণে সাবানের ফেনা উৎপন্ন না হওয়ার কারণ সমীকরণসহ ব্যাখ্যা করো। ৩
- ঘ. যুক্তিসহ শিক্ষকের মতামতের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩. নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নের উত্তর দাও:



[এ ক্ষেত্রে $\text{C} = \text{O}$, $\text{H}-\text{H}$ ও $\text{O}-\text{H}$ বন্ধন শক্তি যথাক্রমে **724**, **435** ও **464 kJ/mol**]

- ক. নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া কাকে বলে? ১
- খ. প্রোপিন ও সাইক্লোপ্রোপেন পরস্পরের সমাণু কেন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের বিক্রিয়া থেকে **100** গ্রাম CO_2 উৎপাদনের জন্য CO এর মোল সংখ্যা নির্ণয় করো? ৩
- ঘ. উদ্দীপকের বিক্রিয়া থেকে অধিক উৎপাদ পাওয়ার জন্য করণীয় বিষয়ে যুক্তি উপস্থাপন করো। ৪

৪. পরীক্ষাগারে একজন শিক্ষার্থী আয়তনিক ফ্লাস্কে **1.06g** সোডিয়াম কার্বনেটের সাথে পানি যোগ করে **50ml** দ্রবণ তৈরি করল। অপর একজন শিক্ষার্থী একটি বিকারে সোডিয়াম সালফেটের সাথে প্রয়োজনীয় পরিমাণ পানি যোগ করে ঠান্ড করার পর $\text{Na}_2\text{SO}_4 \cdot 10\text{H}_2\text{O}$ উপস্থিতি পর্যবেক্ষণ করল।

- ক. স্থূল সংকেত কাকে বলে? ১
- খ. কার্বন ও ফ্লোরিনের মধ্যে কোনটি আকারে ছোট? ব্যাখ্যা করো। ২
- গ. প্রথম শিক্ষার্থীর প্রস্তুতকৃত দ্রবণের ঘনমাত্রা নির্ণয় করো। ৩
- ঘ. উদ্দীপকে সংঘটিত বিক্রিয়া দুইটির ধরনের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪



৫. নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নের উত্তর দাও:

				শ্রেণি-17
	শ্রেণি-13	A		G
তৃতীয় পর্যায়→	Q	D	A	E

[এখানে A, D, E ও Q প্রচলিত কোন মৌলের প্রতীক নয়]

- ক. পোলার সমযোজী যৌগ কাকে বলে? ১
- খ. Ca ধাতু নিষ্কাশনে তড়িৎবিশ্লেষণ পদ্ধতি ব্যবহৃত হয় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. Q ও G দ্বারা গঠিত যৌগে উপস্থিত বন্ধনের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩
- ঘ. AH₄ ও HE যৌগদ্বয়ের পানিতে দ্রবীভূত হওয়ার সম্ভাব্যতা যাচাই করো। ৪


৬. নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নের উত্তর দাও:



Y এবং Z দুটি ভিন্ন গ্যাস জারে আবদ্ধ আছে।

- ক. পলিমারকরণ কাকে বলে? ১
- খ. পলিথিনের ব্যাগ ব্যবহার করা পরিবেশের জন্য ক্ষতিকর কেন? ব্যাখ্যা করো। ২
- গ. X যৌগ থেকে অসম্পৃক্ত হাইড্রোকার্বন প্রস্তুতি সমীকরণসহ ব্যাখ্যা করো। ৩
- ঘ. জারের ঢাকনা খুলে দিলে কোন গ্যাসটি পরিবেশে দ্রুত ছড়িয়ে পড়বে? যুক্তিসহ উপস্থাপন করো। ৪

৭. নিচের টেস্টিউব তিনটিতে পৃথকভাবে পরিমাণমত বেকিং পাউডার যোগ করা হলো:-



- ক. পারমাণবিক সংখ্যা কাকে বলে? ১
- খ. ডিটারজেন্টের অতিরিক্ত ব্যবহার জলজ প্রাণীর জন্য ক্ষতিকর কেন? ব্যাখ্যা করো। ২
- গ. ১ নং টেস্টিউবে উৎপন্ন গ্যাস উদ্ভিদের পুষ্টি উপাদান সরবরাহে কীভাবে সহায়তা করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ২ ও ৩ নং টেস্টিউবে সংঘটিত বিক্রিয়ায় উৎপন্ন দ্রব্যসমূহকে পরিষ্কারক হিসেবে ব্যবহার করার সম্ভাব্যতা বিশ্লেষণ করো। ৪

সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা ও নমুনা উত্তর

বিষয়: রসায়ন

বিষয় কোড: ১৩৭

৩. নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নের উত্তর দাও:

$\text{CO (g)} + \text{H}_2\text{O(g)} \rightleftharpoons \text{CO}_2\text{(g)} + \text{H}_2\text{(g)}$ বিক্রিয়াটি সাম্যাবস্থায় আছে।

[এ ক্ষেত্রে C = O, H-H ও O-H বন্ধন শক্তি যথাক্রমে 724 , 435 ও 464 kJ/mol]

- ক. নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া কাকে বলে? ১
- খ. প্রোপিন ও সাইক্লোপ্রোপেন পরস্পরের সমাণু কেন? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকের বিক্রিয়া থেকে 100 গ্রাম CO_2 উৎপাদনের জন্য CO এর মোল সংখ্যা নির্ণয় করো? ৩
- ঘ. উদ্দীপকের বিক্রিয়া থেকে অধিক উৎপাদ পাওয়ার জন্য করণীয় বিষয়ে যুক্তি উপস্থাপন করো। ৪

৩(ক) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা

প্রশ্ন নং	দক্ষতা	বরাদ্দকৃত নম্বর	বিভাজিত নম্বর	মূল্যায়নের মানদণ্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়)
৩(ক)	জ্ঞান	১	১	নিউক্লিয়ার ফিশন বিক্রিয়ার সংজ্ঞা / ধারণা লিখতে পারলে।
			০	উত্তর অপ্রাসঙ্গিক হলে।

নমুনা উত্তর :

যে নিউক্লিয়ার বিক্রিয়ায় বড় ও ভারী মৌলের নিউক্লিয়াস ভেঙে ছোট ছোট মৌলের নিউক্লিয়াসে পরিণত হয় তাকে নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া বলে।

৩(খ) নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা



